


নোটিশ

এতদ্বারা অত্র ইনস্টিটিউটের সকল শিক্ষক/কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ১৭/০২/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত প্রশাসনিক পরিষদের সভার সিদ্ধান্ত অনুসারে আগামী ২১ ফেব্রুয়ারী শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৯ উদযাপনের জন্য নিম্ন বর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গৃহিত কর্মসূচি সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য যথাসময় নির্ধারিত স্থানে সকলের উপস্থিতি বাধ্যতামূলক।


তারিখ	সময়	কর্মসূচীর বিবরণ	বাস্তবায়ন কমিটি
২১/০২/২০১৯	রাত ১২:০১ মি.	জেলা প্রশাসন কার্যালয়ের সামনে অবস্থিত কুষ্টিয়া জেলা শহীদ মিনারে ব্যানার সহ গমন ও পুষ্পস্তবক অর্পন	অধ্যক্ষ মহোদয় শিক্ষক কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের সঙ্গে নিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করবেন। ইনস্টিটিউট রোভার ফ্লাউট দল রোভার লিডার জনাব মোঃ সোহরাব হোসেন এর নেতৃত্বে সার্বিক সহযোগিতায় থাকবেন। এছাড়া স্থিরচিত্র ও ভিডিও ধারণ করা হবে।
	সূর্যোদয়ের সাথে সাথে	ইনস্টিটিউট প্রশাসনিক ভবনের সামনে অবস্থিত ফ্লাগ স্ট্যাণ্ডে জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিত অবস্থায় রাখা হবে। অত্র ইনস্টিটিউট শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করা হবে।	অধ্যক্ষ মহোদয় শিক্ষক কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের সঙ্গে নিয়ে প্রশাসনিক ভবনের সামনে অবস্থিত ফ্লাগ স্ট্যাণ্ডে জাতীয় পতাকা উত্তোলন করতঃ অর্ধনমিত অবস্থায় রাখবেন। অধ্যক্ষ মহোদয় শিক্ষক কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের সঙ্গে নিয়ে ইনস্টিটিউট শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করবেন।
	সকাল ৯.০০ থেকে দুপুর ১.০০ পর্যন্ত	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উপর আলোচনা সভা এবং একুশের উপর কবিতা আবৃত্তি ও দেশাত্ত্ববোধক গান প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ।	সংশ্লিষ্ট কমিটি আয়োজন করবেন। অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব), মহোদয়ের সভাপতিত্বে ইনস্টিটিউটের অডিটোরিয়াম এ শিক্ষক/ কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে আলোচনা সভা এবং একুশের উপর কবিতা আবৃত্তি ও দেশাত্ত্ববোধক গান প্রতিযোগিতা হবে।
	বাদ যোহর	ইনস্টিটিউট জামে মসজিদে ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হবে।	মসজিদ ব্যবস্থাপনা কমিটি দোয়া মাহফিল এর আয়োজন করবেন।

  
 মোঃ মোশাররফ হোসেন  
 অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)  
 কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট,  
 কুষ্টিয়া।  
 তারিখঃ ১৮/০২/১৯

স্মারক নম্বরঃ ২০১৯/৩০২৭/১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইলঃ-

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। উপাধ্যক্ষ, অত্র ইনস্টিটিউট।
- ৫। চীফ ইন্সপেক্টর/বিভাগীয় প্রধান, ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/মেকানিক্যাল/পাওয়ার/সিভিল/কম্পিউটার/নন-টেক, অত্র ইনঃ।
- ৬। হোস্টেল সুপার, লালন শাহ/মীর মশাররফ হোসেন ছাত্রাবাস/তাপসী রাবেয়া ছাত্রী নিবাস, অত্র ইনস্টিটিউট।
- ৭। বিভাগীয় প্রধান, কম্পিউটার, অত্র ইনস্টিটিউট (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। সিকিউরিটি-ইন-চার্জ, অত্র ইনস্টিটিউট।
- ৯। রেজিস্ট্রার/প্রধান সহকারী/ফার্মাসিস্ট/হিসাব রক্ষক/স্টোর কিপার/লাইব্রেরিয়ান/কেয়ার টেকার, অত্র ইনস্টিটিউট।
- ১০। জনাব.....
- ১১। নোটিশ বোর্ড সকল, অত্র ইনস্টিটিউট।
- ১২। নথি।

  
 (মোঃ মোশাররফ হোসেন)  
 অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)  
 কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট,  
 কুষ্টিয়া।